তাগিদপত্র

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৪ তারিখ: ১ আষাঢ় ১৪২৯

১৫ জুন ২০২২

বিষয়: **মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক দুর্বল বাঁধ সংক্রান্ত প্রতিবেদন পুনর্গঠন করে দাখিল প্রসঙ্গে।**

সূত্র: অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৩৪.০০১.২১-২০৩১, তারিখঃ ০৫.০৬.২০২২খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্র স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে সকল জোন হতে প্রাপ্ত দুর্বল বাঁধ/ঝুঁকিপূর্ণ বাঁধের দুর্বল স্থানসমূহ মেরামত সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করা হয়। উক্ত প্রতিবেদনে নিরুপিত সম্ভাব্য ব্যয় মাত্রাতিরিক্ত প্রতীয়মান হওয়ায় গত ২৫.০৫.২০২২খ্রিঃ অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের আরএডিপি পর্যালোচনা সভায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি সকল জোনের প্রধান প্রকৌশলীগণকে স্থানসমূহ পুনরায় সরেজমিনে পরিদর্শনপূর্বক যে সকল মেরামত ও সংস্কার কাজ অতীব জরুরী সেগুলো সঠিকভাবে নির্দ্ধারণপূর্বক যৌক্তিকভাবে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করে সংশোধিত প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। সূত্রস্থ স্মারকে এ সংক্রান্ত প্রতিবেদনটি ১৪.০৬.২০২২খ্রিঃ এর মধ্যে দাখিলের জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি আপনার জোন হতে এ সংক্রান্ত প্রতিবেদনটি দাখিল করা হয়নি।
এমতাবস্থায়, দুর্বল বাঁধ মেরামত সংক্রান্ত আপনার জোনের সংশোধিত প্রতিবেদনটি আগামী ১৯.০৬.২০২২খ্রিঃ এর মধ্যে অত্র দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনঃঅনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

১৫-৬-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো,
রাজশাহী/রংপুর/খুলনা/কুমিল্লা/চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৪/১(৭)

তারিখ: ১ আষাঢ় ১৪২৯ / ১৫ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৭) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৫-৬-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)